# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট

# ২০২২ - ২০২৩

## উপজেলা পরিষদ

লৌহজং, মুন্সীগঞ্জ

**গ্রন্থস্বত্ব:**

উপজেলা পরিষদ, লৌহজং উপজেলা, মুন্সীগঞ্জ

**সম্পাদনায়:**

**মোঃ আব্দুল আউয়াল,**

**উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং উপজেলা, মুন্সীগঞ্জ ।**

**সহযোগিতায়:**

**কাজী রাজিব হাসান**

জেলা সমন্বয়ক, মুন্সীগঞ্জ।

ইউআইসিডিপি, জাইকা।

**প্রকাশক:**

উপজেলা পরিষদ, **লৌহজং, মুন্সীগঞ্জ** ।

---------------------

**পুস্তক আকারে প্রকাশ:**

অগাস্ট -২০২২



**সাগুফতা ইয়াসমিন এমিলি**

সংসদ সদস্য
মুন্সিগঞ্জ- 2

# বাণী

লৌহজং উপজেলার পরিষদ তার সকল উন্নয়ন কর্মকান্ডের উপর ২০২২-২৩অর্থ বছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট পুস্তক আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। সুষ্ঠু পরিকল্পনা অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত। তাই লৌহজং উপজেলা পরিষদের এ ধরণের উদ্যোগ প্রশংসার দাবীদার। দেশের আপামর জনগণের স্বপ্ন বাস্তবায়ন করতে হলে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন করা অত্যন্ত জরুরী।

উপজেলা পদ্ধতি গ্রাম বাংলার তৃণমূল পর্যায়ের গণমানুষের প্রাণের দাবী। উপজেলা পরিষদ কার্যক্রম বারবার বন্ধ হওয়া সত্ত্বেও মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশীল ও ক্ষমতা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে ১৯৯১ খ্রি. বন্ধ করে দেওয়া উপজেলা প্রথা পুনরায় চালুর উদ্দেশ্যে ১৯৯৮ সালে উপজেলা পরিষদ আইন পাশ করেন। জনকল্যাণ ও সু-শাসন প্রতিষ্ঠাই এর মূল উদ্দেশ্য।

উপজেলা পরিষদের নিজস্ব সম্পদ এবং জনবলকে একটি সুষ্ঠু পরিকল্পনার আওতায় ব্যবহার করলে সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভব। তৃণমূল পর্যায়ে জনগণের মতামতের ভিত্তিতে চাহিদাভিত্তিক (Need Based) প্রকল্প গ্রহণ করে লৌহজং উপজেলা পরিষদ বাংলাদেশের একটি আদর্শ উপজেলায় পরিণত হবে।

লৌহজং উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়নের অভিজ্ঞতা কাজে লাগিয়ে দেশের অন্যান্য উপজেলা পরিষদ পরিকল্পনা প্রণয়নে এগিয়ে আসবে এবং সীমিত সম্পদ ও জনবলের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

**সাগুফতা ইয়াসমিন এমিলি**

সংসদ সদস্য
মুন্সিগঞ্জ-2



কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ।

# বাণী

লৌহজং উপজেলা পরিষদ গৃহীত ২০২২-২৩অর্থ বছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট পুস্তক আকারে প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এই উন্নয়ন পরিকল্পনা ও বাজেট বই উপজেলার হস্তান্তরিত-সংরক্ষিত বিভাগের পাশাপাশি পরিষদের সার্বিক কার্যক্রম আরো সুশৃঙ্খল এবং কার্যকরভাবে বাস্তবায়নের সহায়ক হবে বলে আমি মনে করি। এছাড়া বাজেট প্রণয়ন উপজেলা পরিষদের আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবে বলে আমার বিশ্বাস।

উপজেলা পরিষদকে একটি গণতান্ত্রিক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে হলে পরিষদের সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর, ইউনিয়ন পরিষদ এবং সাধারণ জনগণের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। পরিষদকে একটি জনমূখী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা এবং এর সেবা সাধারণ মানুষের নিকট পৌঁছে দেয়ার জন্য পরিষদকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। ইতোমধ্যে লৌহজং উপজেলা পরিষদকে আরো কার্যকর, গণতান্ত্রিক, সেবামূখী ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কার্যক্রম শুরু হয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে উপজেলা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট বই প্রণয়ন আশাব্যঞ্জক প্রয়াস বলে আমার নিকট প্রতীয়মান হয়েছে ``Sustainable Development Goals (SDG)`` অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

এই উদ্যোগের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানদ্বয়সহ পরিষদের সকল সদস্য এবং বিভিন্ন বিভাগের কর্মকর্তাগণসহ সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। লৌহজং উপজেলা পরিষদের এই উদ্যোগ অন্যান্য উপজেলার জন্য দৃষ্টান্ত হয়ে থাকবে।

আমি লৌহজং উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিককল্পনা ও বাজেট বই প্রণয়নে গৃহীত উদ্যোগের সার্বিক সাফল্য কামনা করছি।

কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ।



**মোহাম্মদ এনামুল আহসান**
উপ-পরিচালক, স্থানীয় সরকার
মুন্সীগঞ্জ

# বাণী

লৌহজং উপজেলা পরিষদ গৃহীত ২০২২-২৩অর্থ বছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট পুস্তক আকারে প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এই উন্নয়ন পরিকল্পনা ও বাজেট বই উপজেলার হস্তান্তরিত-সংরক্ষিত বিভাগের পাশাপাশি পরিষদের সার্বিক কার্যক্রম আরো সুশৃঙ্খল এবং কার্যকরভাবে বাস্তবায়নের সহায়ক হবে বলে আমি মনে করি। এছাড়া বাজেট প্রণয়ন উপজেলা পরিষদের আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবে বলে আমার বিশ্বাস।

উপজেলা পরিষদকে একটি গণতান্ত্রিক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে হলে পরিষদের সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর, ইউনিয়ন পরিষদ এবং সাধারণ জনগণের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। পরিষদকে একটি জনমূখী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা এবং এর সেবা সাধারণ মানুষের নিকট পৌঁছে দেয়ার জন্য পরিষদকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। ইতোমধ্যে লৌহজং উপজেলা পরিষদকে আরো কার্যকর, গণতান্ত্রিক, সেবামূখী ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কার্যক্রম শুরু হয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে উপজেলা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট বই প্রণয়ন আশাব্যঞ্জক প্রয়াস বলে আমার নিকট প্রতীয়মান হয়েছে; ``Sustainable Development Goals (SDG)`` অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

এই উদ্যোগের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানদ্বয়সহ পরিষদের সকল সদস্য এবং বিভিন্ন বিভাগের কর্মকর্তাগণসহ সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। লৌহজং উপজেলা পরিষদের এই উদ্যোগ অন্যান্য উপজেলার জন্য দৃষ্টান্ত হয়ে থাকবে।

আমি লৌহজং উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিককল্পনা ও বাজেট বই প্রণয়নে গৃহীত উদ্যোগের সার্বিক সাফল্য কামনা করছি।

**মোহাম্মদ এনামুল আহসান**
উপ-পরিচালক,
স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ



**ওসমান গণি তালুকদার**
**চেয়ারম্যান**
**উপজেলা পরিষদ কার্যালয়**
**লৌহজং, মুন্সীগঞ্জ।**

# মুখবন্ধ

পরিকল্পনা উন্নয়নের পূর্ব শর্ত। সঠিক পরিকল্পনা ছাড়া উন্নয়ন সম্ভব নয়। পরিকল্পনা বলতে আমরা বুঝি বর্তমান পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে বিদ্যমান সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্যে অর্জনের জন্য ভবিষ্যতে করণীয় সুশৃঙ্খল কর্মযজ্ঞকে; যেখানে একটি কর্মকান্ড অন্য আরেকটির সাথে ওতপ্রোতভাবে জড়িত। পরিকল্পনা হতে হবে প্রয়োজন ভিত্তিক, চাহিদা মাফিক ও কাঙ্খিত লক্ষ্য অর্জনের উপযোগী। পরিকল্পনার অন্যতম বিষয়বস্তু হলো বিদ্যমান সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা। আধুনিক অর্থনীতিতে উন্নয়নের জন্য পরিকল্পনা করা রাষ্ট্রীয় কর্মকান্ডের একটি অবিচ্ছেদ্য অংশ।

খাতভিত্তিক পরিকল্পনার লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট সকল উন্নয়ন খাতকে বিবেচনাপূর্বক স্থানীয় পর্যায়ে সার্বিক উন্নয়নের লক্ষ্যে উপজেলায় পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয়তা রয়েছে। উল্লেখ্য যে, উপজেলা পরিষদ আইন, ২০০৯ অনুযায়ী পরিষদ কর্তৃক তার এখতিয়ারভুক্ত যে কোন বিষয়ে তার তহবিলের সাথে সংগতি রেখে বার্ষিক উন্নয়ন পরিকল্পনাসহ যে কোন মেয়াদের জন্য পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের বিধান রয়েছে। এছাড়া বর্তমান সরকারের উন্নয়ন Sustainable Development Goals (SDG) অর্জনে তৃণমূল পর্যায় থেকে স্থানীয় চাহিদার নিরিখে খাতভিত্তিক উন্নয়নকে গুরুত্ব দিয়ে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যেখানে জনগণের আশা আকাঙ্খা ও চাহিদার প্রতিফলন ঘটানোর নিমিত্ত  প্রকল্প গ্রহণের ক্ষেত্রে তৃণমূল পর্যায়ে জনসাধারণের মতামত গ্রহণ, উন্মুক্ত বাজেট অধিবেশন ও উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭ টি স্থানীয় কমিটির সুপারিশ, জনপ্রতিনিধি, সরকারি-বেসরকারি কর্মকর্তা ও স্থানীয় পর্যায়ের গুনীজনদের মতামত এবং পরামর্শ অত্যন্ত গুরুত্বের সাথে পরিকল্পনায় সন্নিবেশ করা হয়েছে। ক্রমবর্ধমান জনসংখ্যা, ক্রমহ্রাসমান কৃষি জমি, জলবায়ু পরিবর্তনসহ নানা চ্যালেঞ্জ মোকাবেলায় উপজেলায় বার্ষিক উন্নয়ন পরিকল্পনা অগ্রণী ভূমিকা পালন করবে।

এরই ধারাবাহিকতায় ২০২২-২৩অর্থ বছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রণীত পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের মাধ্যমে উপজেলাকে স্বনির্ভর উন্নত জনপদে রুপান্তর করা সম্ভব হবে বলে আমাদের দৃঢ় বিশ্বাস।

ওসমান গণি তালুকদার
চেয়ারম্যান



মোঃ আব্দুল আউয়াল
উপজেলা নির্বাহী অফিসার
লৌহজং, মুন্সীগঞ্জ

# সম্পাদকীয়

প্রশাসনিক বিকেন্দ্রীকরণের অংশ হিসেবে উপজেলা পরিষদের সৃষ্টি হয়েছে। এ ব্যবস্থার লক্ষ্য হলো জনগণের কাছে বিকেন্দ্রীকরণের সুফল পৌঁছে দেয়া, স্থানীয় উন্নয়ন ও প্রশাসনে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ, সরকারি অনুদান ও স্থানীয় সম্পদের ভিত্তিতে স্থানীয় দক্ষতাকে কাজে লাগিয়ে জনগুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন।

**লৌহজং** উপজেলা পরিষদ জাতীয় পরিকল্পনার পরিপূরক প্রকল্প গ্রহণ করে এবং তা বাস্তবায়ন করে। উপজেলা পরিষদে রয়েছে স্থানীয় সমস্যার সাথে পরিচিতি জনগণের নির্বাচিত প্রতিনিধি ও পেশাগত কর্মকান্ডে পারদর্শী বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ। জনপ্রতিনিধি ও পেশাজীবীদের সম্মিলিত প্রয়াসে স্থানীয় চাহিদা, সম্পদ ও কারিগরি দক্ষতাকে বিশেষভাবে প্রাধান্য দিয়ে সমগ্র উপজেলাটিকে একক হিসেবে বিবেচনা করে প্রকল্প প্রণয়ন করা হয়।

অপ্রতুল সম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিত ও স্থানীয় সম্পদ সমাবেশকে উৎসাহিত করার লক্ষ্যে উপজেলা পরিষদের তহবিল, সরকারের অনুদান ও বিভিন্ন বিভাগের সম্পদসমূহ একটি সঠিক পরিকল্পনার আওতায় আনা হলে লক্ষ্যভিত্তিক জনগোষ্ঠীকে সেবা প্রদান সহজতর হবে এবং উন্নয়ন হবে দৃশ্যমান। উল্লিখিত বিষয়সমূহ উপলব্ধি করে ও উপজেলা পরিষদ আইনের নির্দেশনা অনুসরণপূর্বক শ্রীনগর উপজেলা পরিষদ ইতোমধ্যে ২০২২-২৩অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়ন করে; যা পুস্তক আকারে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**লৌহজং** উপজেলা পরিষদের ২০২২-২৩অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়নসহ পুস্তক আকারে প্রকাশের কাজে নিয়োজিত ব্যক্তিবর্গকে জানাই আন্তরিক ধন্যবাদ। উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কর্মকর্তা, নির্বাচিত জনপ্রতিনিধি ও কর্মচারীদের অংশগ্রহণে প্রণীত পরিকল্পনা বাস্তবায়ন ও জনকল্যাণমূখী স্থানীয় সরকার ব্যবস্থা প্রতিষ্ঠাই হোক আমাদের সকলের অঙ্গীকার।

মোঃ আব্দুল আউয়াল
উপজেলা নির্বাহী অফিসার
লৌহজং, মুন্সীগঞ্জ



# বাণী

সোনার বাংলা গড়ে তুলতে হলে তৃণমূল পর্যায়ে ব্যাপক উন্নয়ন আবশ্যক। আর তা বাস্তবায়ন করতে হলে প্রয়োজন একটি সুষ্থ, সুনির্দিষ্ট এবং বাস্তবভিত্তিক পরিকল্পনা। এ লক্ষ্যকে সামনে রেখে লৌহজং উপজেলা পরিষদ ২০২২-২৩অর্থ বছরের জন্য বার্ষিক কর্তৃক উপজেলা পরিষদ তথ্য, পরিকল্পনা ও বাজেট বই আকারে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আশা করি এ পরিকল্পনা সময়ের চাহিদাপূরণ করে এলাকার উন্নয়নে যথেষ্ট ভূমিকা রাখবে।

উপজেলা পরিষদের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে আইন-শৃঙ্খলার উন্নয়ন সাধন, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মান উন্নয়ন, যোগাযোগ ও ভৌত অবকাঠামোর উন্নয়ন, সমাজসেবা, সামাজিক বনায়ন কার্যক্রমের উপর গুরুত্বারোপ করা হয়েছে। যদি দেশের সার্বিক উন্নয়নের ধারা অক্ষুন্ন রাখতে হয় তাহলে উপজেলা পরিষদের উন্নয়নের ধারাকে বেগবান রাখা বাঞ্চনীয়। এই পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে প্রতিটি খাতের উন্নয়ন এবং জবাবদিহিতা নিশ্চিত করবে এবং উন্নত বাংলাদেশ গড়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখতে পারবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

উপজেলা পরিষদের জনপ্রতিনিধি ও সকল স্তরের সরকারি কর্মকর্তা কর্মচারীবৃন্দকে সাথে নিয়ে এই বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট বাস্তবায়ন করা গেলে লৌহজং উপজেলা একটি আদর্শ উপজেলায় পরিনত হবে। গণতন্ত্রকে সুসংহত করে উপজেলা পরিষদকে আরও গতিশীল ও কার্যকর করা গেলে সুশাসন নিশ্চিত হবে বলে আমি মনে করি।

সবশেষে এ পরিকল্পনা প্রণয়ন ও পুস্তক আকারে প্রকাশের সাথে সংশিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ।

মোহাম্মদ তোফাজ্জল হোসেন (তপন)
ভাইস চেয়ারম্যান
লৌহজং, মুন্সীগঞ্জ



# বাণী

লৌহজং উপজেলা পরিষদের উদ্যোগে ইতোপূর্বে গৃহীত উপজেলা পরিষদের ২০২২-২৩অর্থ বছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট বই আকারে প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি খুবই আনন্দিত। টেকসই উন্নয়নের জন্য পরিকল্পনায় তৃণমূল পর্যায়ে জনসাধারণের অংশগ্রহণ অনস্বীকার্য। বইটি প্রকাশের মাধ্যমে উন্নয়ন পরিকল্পনায় একদিকে যেমন স্থানীয় জনগণের আকাঙ্খার প্রতিফলন ঘটবে তেমনি উন্নয়নে সুশাসন প্রতিষ্ঠা পাবে। অত্র এলাকায় একজন নারী জনপ্রতিনিধি হিসেবে এলাকার পক্ষ থেকে দেশবাসীকে আমি অভিনন্দন জানাচ্ছি।

পরিশেষে এই উন্নয়ন পরিকল্পনা বই প্রকাশে যারা সার্বিক সহযোগিতা ও অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের কাছে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এবং সার্বিক সাফল্য কামনা করছি।

রিনা ইসলাম
ভাইস চেয়ারম্যান (মহিলা)
লৌহজং, মুন্সীগঞ্জ

# বার্ষিক পরিকল্পনার বিষয়বস্তু


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | উপজেলা মানচিত্র | |
| ২ | ভূমিকা ও উপজেলা পরিচিতি | |
| ৩ | জনসংখ্যাতাত্বিক মৌলিক তথ্য ও উপাত্ত | |
| ৪ | জনসংখ্যাতাত্বিক ও আর্থ-সামাজিক মৌলিক তথ্য ও উপাত্ত | |
| ৫ | উপজেলা কমিটিসমূহ | |
| ৬ | বাজেট সার-সংক্ষেপ | |
| ৭ | পরিস্থিতি বিশ্লেষণ | |
| ৮ | বিভিন্ন উৎস থেকে চলমান উন্নয়ন কার্যক্রম (সম্পদের চিত্রায়ন) | |
| ৯ | রুপকল্প বিবরণী | |
| ১০ | বার্ষিক পরিকল্পনার লক্ষমাত্রা, উদ্দেশ্য ও অভিষ্ট | |
| ১১ | প্রকল্পের সার-সংক্ষেপ | |
| ১২ | বার্ষিক পরিকল্পনা পরিবীক্ষণ ও পর্যালোচনা | |

# মানচিত্রে
## লৌহজং উপজেলা



# ভূমিকা ও উপজেলা পরিচিতি

ভূমিকা : পরিকল্পনা বলতে বুঝায় একটি লক্ষ্য অর্জনের জন্য নিদিষ্ট সময়ের মধ্যে ধারাবাহিক কার্যক্রম। দেশের আর্থ সামাজিক উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন করা হয়। পরিকল্পনা মাধ্যমে সম্পদের সুষ্ঠু ব্যবহার করে স্থানীয় তথা রাষ্ট্রীয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রম পরিচালিত হয়। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০২১ সাল নাগাদ ডিজিটাল বাংলাদেশ এবং মধ্যম আয়ের দেশ, ২০৩০ সাল নাগাদ এসডিজি অর্জন ও ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে উন্নীত হওয়ার যে লক্ষ্য স্থির করেছে তা বাস্তবায়নে আমাদের সবাইকে উন্নয়ন অগ্রযাত্রায় শামিল হতে হবে। এ উন্নয়নের অগ্রযাত্রায় স্থানীয় পর্যায়ে লৌহজং উপজেলা পরিষদের পরিকল্পনা প্রণয়েনের পদক্ষেপ গ্রহন করা হয়। সার্বিক উন্নয়নের এর লক্ষ্যে ইউনিয়নে খাত ভিত্তিক সমস্যা চিহ্নিত করন, চাহিদা নিরুপন, ও সমস্যা সমাধানের নিমিত্ত পরিকল্পনা করা প্রয়োজন। সিরাজদিখান উপজেলা পরিষদ স্থানীয় উন্নয়ের লক্ষ্যে উপজেলার সকল তথ্য সমন্বিত বার্ষিক পরিকল্পনা বই প্রণয়ন করেছে।

ভৌগলিক পরিচিতি
উত্তরে সিরাজদিখান উপজেলা, পূর্বে টংগিবাড়ী উপজেলা, পশ্চিমে শ্রীনগর উপজেলা, দক্ষিণে পদ্মা নদী।
লৌহজং উপজেলার পটভূমি

মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলা আয়তনের দিক দিয়ে ক্ষুদ্রতম। ১৯১৫ সনে শ্রীনগর থানা থেকে ১২ টি ইউনিয়ন যোগে লৌহজং থানা গঠিত হয়। তবে জনশ্রুতি আছে যে, ব্রিটিশ শাসনের প্রথম দিকে এ এলাকায় বড় ধরনের যুদ্ধ হয়েছিল।যে দুটি দল সে যুদ্ধে অংশ নিয়েছিল তাদের সবাই লৌহ নির্মিত অস্ত্র ব্যবহার করেছিল। উর্দু শব্দ জং মানে যুদ্ধ, আর বাংলা শব্দ লৌহ সমন্বয়ে যুদ্ধের নাম হয়েছিল লৌহজং। সে অনুসারে পরবর্তীতে এলাকাটির নাম লৌহজং হিসেবে পরিচিতি লাভ করে।১২/১২/১৯৮২ সনে লৌহজং থানাটি উপজেলা হিসেবে উন্নিত হয়।

যোগাযোগ ব্যবস্থা

- লৌহজং উপজেলা সড়ক পথে রাজধানি ঢাকা হতে প্রায় ৫০কি.মি দুরবর্তীতে অবস্থীত।গাং চিল পরিবহন এ উপজেলার সাথে ঢাকার একমাত্র বাস যোগাযোগের মাধ্যম। ঢাকার বাবুবাজার ব্রিজের নিকট হতে ১৫ মিনিট পর পর বাস ছেড়ে আসে। বাস ভাড়া মাত্র ৭০ টাকা।

- মুন্সিগঞ্জ সদর হতে টেম্পু যোগে মুক্তারপুর ব্রিজ, মুক্তারপুর ব্রিজ হতে টেম্পু যোগে বালিগাও বাজার, অতঃপর বালিগাও বাজার হতে টেম্পু যোগে লৌহজং, এ ভাবে মুন্সিগঞ্জ এর সাথে যাতায়াত করা যায়।

- এছাড়া বাংলাদেশের দক্ষিণাংশের ২১ টি জেলার সাথে ঢাকার যোগাযোগের অন্যতম মাধ্যম মাওয়া ফেরীঘাট। বাংলাদেশের অন্যতম বৃহত্তম ফেরিঘাট মাওয়া। এখানে একই সাথে তিনটি ফেরী চলাচল করে থাকে। রো রো ফেরি,ডাম্ব ফেরী এবং কে টাইপ এই তিন ধরনের ফেরী আছে। সর্বমোট ১৮ টি ফেরী এ রুটে চলাচল করে থাকে। বাংলাদেশের দক্ষিণ অংশের সাথে যোগাযোগের একমাত্র মাধ্যম এ ফেরী ঘাট। মাওয়া কাওরাকান্দি ও মাওয়া শরিয়তপুর রুটে ২৪ ঘণ্টা ব্যাপি ফেরী চলাচল করে থাকে।

- এছাড়া স্পীডবোটের মাধ্যমে মাত্র ২০-২৫ মিনিটে পদ্মা নদী পার হওয়ার ব্যবস্থা রয়েছে। ভাড়া মাত্র ১৩০ টাকা জনপ্রতি। অন্যদিকে বি আই ডাবলু টি এ কর্তৃক ছোট ছোট লঞ্চ পরিচালনা করা হয়ে থাকে। ১০ মিনিট পর পর কাওরাকান্দি ও শরিয়তপুর এর উদ্দেশে এসব লঞ্চ ছেড়ে যায়। মাওয়া কাওরাকান্দি রুটে ভাড়া মাত্র ৬০ টাকা। অন্যদিকে মাওয়া ফেরীঘাট পর্যটন সমৃদ্ধ একটি এলাকা। এখানে এলে উপভোগ করা যাবে পদ্মার অপার সৌন্দ্রয সৌন্দর্য ।

প্রত্যাশা: লৌহজং উপজেলার সকল স্তরের জনসাধারনের অংশগ্রহনের মাধ্যমে উপজেলা পরিষদের সকল বিভাগ ও ইউনিয়ন পরিষদকে সাথে নিয়ে এলাকার সার্বিক সম্বন্বিত টেকসই উন্নয়ন লক্ষ্যে, উপজেলার জনগনের প্রয়োজনীয় ও কাংখিত বাস্তব ভিত্তিক ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্তবায়ন করে একটি উন্নয়কামী আদর্শ উপজেলা প্রতিষ্ঠা করা।

# জনসংখ্যাতাত্বিক ও আর্থ-সামাজিক মৌলিক তথ্য ও উপাত্ত

| বিষয় | পরিমাণ/সংখ্যা | উৎস/বছর |
|---|---|---|
| **উপজেলার রুপরেখা** | | |
| জেলা সদর থেকে দুরত্ব | সড়ক পথে ৩০ কি.মি | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| আয়তন | ২০২.৯৮ বর্গ কিলোমিটার | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| জনসংখ্যা | ২,৫৯,৮৮৭<br>পুরুষ ১,২৭,৩৭৪ জন<br>নারী ১,৩২,৫১৩ জন | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| জনসংখ্যা বৃদ্ধির হার | ১.৭৪% | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| শিক্ষার হার | ৪৯.৫% | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| থানা/পরিবার | ৪৫,৪৭৫ জন | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| জনসংখ্যার ঘনত্ব | | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| গ্রামের সংখ্যা | ১৪৭ টি | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| মৌজার সংখ্যা | ১০২ টি | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| ইউনিয়ন সংখ্যা | ১৪ টি | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| কৃষি সংক্রান্ত | | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| আবাদি জমির পরিমান : | ১৭,০২৪ হেক্টর | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| এক ফসলী জমির পরিমান | ৯,০৮৪ হেক্টর | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| দুই ফসলী জমির পরিমান | ৩,৪৪০ হেক্টর | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| তিন ফসলী জমির পরিমনা | ৩৫২ হেক্টর | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| প্রধান ফসল : | আলু, ধান, পাট ও সরিষা | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| কর্মরত এনজিও | | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| হাট-বাজার | ২০ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| নদ-নদীর সংখ্যা | নদী : ০২<br>খাল :<br>বিল : | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| কৃত্তিম প্রজনন কেন্দ্র | ১ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| হাসপাতাল | ০১ (৫০ সয্যা বিশিষ্ট) | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র | ১০ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| ব্যাংকের শাখা | ১৬<br>সরকারি:<br>বেসরকারি: | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| তহশিল অফিস | ১৪ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| টেলিফোন এক্সচেঞ্জ | ০১ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| ডাকঘর | ০১ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| প্রাথমিক বিদ্যালয় | ৯২ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| মাধ্যমিক বিদ্যালয় | ২৩ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| বিশ্ববিদ্যালয়/কলেজ | ০৪ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| মাদ্ রাসা | সিনিয়র : ০১<br>দাখিল : ০৩<br>কওমী : ৩৯ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| মসজিদ | ২৪৭ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| মন্দির | ৫৩ | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| গির্জা | | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| ইদগাহ্ | | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |

| যোগাযোগ : | পরিমাণ/সংখ্যা | উৎস/বছর |
|---|---|---|
| সড়ক ও জনপদ | | ২০১১ সাল পর্যন্ত/উপজেলা পরিসংখ্যা অফিস |
| থানা ও ইউনিয়ণ পর্যায়ে রাস্তা | | |
| পাকা রাস্তা | ৬৬.৩২ কি.মি. | |
| অর্ধ পাকা রাস্তা | ৩৫.৯৪ কি.মি. | |
| কাচা রাস্তা | ৩৬.৬৩ কি.মি | |
| ব্রীজ, কালভার্ট | ১৬২টি | |

# জনসংখ্যাতাত্ত্বিক ও আর্থ-সামাজিক মৌলিক তথ্য ও উপাত্ত

| গুরুত্বপূর্ণ আর্থ- সামাজিক তথ্য | | |
|---|---|---|
| মাথাপিছু দারিদ্রের হার (%) (এসডিজি-১) | ৩.১% | বিবিএস রিপোর্ট-২০১১ |
| শিশু মৃত্যুর হার (প্রতি হাজারে) (এসডিজি-৩) | ৪.৮৭ | ২০২০ সাল পর্যন্ত<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর |
| মাতৃ মৃত্যুহার (প্রতি লাক্ষে) (এসডিজি-৩) | ১০৩.৩৭ | ২০২০ সাল পর্যন্ত<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর |
| শিক্ষার হার (%) (এসডিজি-৪) | ৫৪.৯% | ২০২০ সাল পর্যন্ত<br>উপজেলা শিক্ষা দপ্তর |
| উপজেলা ও ইউনিয়নে নারী সদস্য সংখ্যা (%) (এসডিজি-৫) | ২৫% | ২০২০ সাল পর্যন্ত |
| নিরাপদ ব্যবস্থাপনায় খাবার পানি সেবায় ব্যবহার (%) (এসডিজি-৬) | ৫৩% | MICS Report, ৮ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা (২০২০-২০২৫) |
| নিরাপদ ব্যবস্থাপনায় সেনিটেশন সেবার ব্যবহার (%) (এসডিজি-৬) | ৮৭.৫% | MICS Report, ৮ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা (২০২০-২০২৫) |
| বিদ্যুৎ সুবিধার আওতাধীন পরিবার (%) (এসডিজি-৭) | ১০০% | ২০২০ সাল পর্যন্ত<br>উপজেলা পল্লী বিদ্যুৎ অফিস |

# লৌহজং উপজেলা পরিষদের

## স্থায়ী কমিটিসমূহ

উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ এর ধারা ২৯ অনুযায়ী পরিষদের কার্যাবলী সুচারুভাবে সম্পন্ন করার জন্য ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যানের সভাপতিত্বে ১৭ টি স্থায়ী কমিটি গঠনের নির্দেশনা দেওয়া আছে। বিধি মোতাবেক উক্ত কমিটিসমূহ ৫-৭ সদস্য সমন্বয়ে হবে এবং সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা উক্ত কমিটিসমূহের সদস্য সচিব হবেন। উপজেলা পরিষদের বিশেষ সভার অনুমোদনক্রমে স্থায়ী কমিটিসমূহ গঠন করা হলো।

**০১. আইন শৃঙ্খলা কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব তোফাজ্জল হোসেন | , ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব লুৎফর রহমান | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫.ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬.জনাব অফিসার ইনচার্জ গজারিয়া থানা | | সদস্য-সচিব |

**০২. কৃষি ও সেচ কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব তোফাজ্জল হোসেন | ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব মোঃ রাফিকুল ইসলাম | , চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. উপজেলা কৃষি কর্মকর্তা | | সদস্য-সচিব |

**০৩. যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব তোফাজ্জল হোসেন | , ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব লুৎফর রহমান | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. জনাব প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | | সদস্য |
| ৬. উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | | সদস্য –সচিব |

**০৪. মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব তোফাজ্জল হোসেন | , ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব আশরাফ হোসেন | , চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৭. উপজেলা মাধ্যমিক, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অফিসার | | সদস্য –সচিব |

**০৫. প্রাথমিক ও গণশিক্ষা কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব রিনা ইসলাম | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব মালেক সিকদার | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. জনাব | | সদস্য |
| ৭. উপজেলা শিক্ষা অফিসার | | সদস্য –সচিব |

**০৬. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব রিনা ইসলাম | , মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব আমির হোসেন তালুকদার | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. জনাব | | সদস্য |
| ৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | | সদস্য -সচিব |

**০৭. যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব তোফাজ্জল হোসেন | ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব লুৎফর রহমান | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. জনাব | | সদস্য |
| ৭. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | | সদস্য -সচিব |

**০৮. সমাজ কল্যাণ কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব রিনা ইসলাম | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব আমির হোসেন তালুকদার | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. জনাব | | সদস্য |
| ৭. উপজেলা সমাজসেবা অফিসার | | সদস্য -সচিব |

**০৯. মহিলা ও শিশু উন্নয়ন কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব রিনা ইসলা | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব আশরাফ হোসেন | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৭. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | | সদস্য –সচিব |

**১০. মুক্তিযোদ্ধা কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব তোফাজ্জল হোসেন | ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব হাজী মোঃ মোজামমেল হক | চেয়ারম্যান | সদস্য |
| ৩ ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. জনাব | | সদস্য |
| ৭. উপজেলা সমাজসেবা কর্মকর্তা | | সদস্য -সচিব |

**১১. মৎস্য ও প্রানি সম্পদ কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব তোফাজ্জল হোসেন | ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব মালেক সিকদার | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৭. উপজেলা মৎস্য কর্মকর্তা | | সদস্য -সচিব |

**১২. পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব রিনা ইসলাম | ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব আমির হোসেন তালুকদার | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. জনাব | | সদস্য |
| ৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | সদস্য -সচিব |

**১৩. সংস্কৃতি কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব রিনা ইসলাম | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২., জনাব আশরাফ হোসেন | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৭. উপজেলা শিল্পকলা একাডেমি | | সদস্য -সচিব |

**১৪. বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রন কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব রিনা ইসলাম | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব মোঃ রাফিকুল ইসলাম , | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. জনাব | | সদস্য |
| ৭. উপজেলা সমবায় কর্মকর্তা | | সদস্য –সচিব |

**১৫. পরিবেশ ও বন কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব রিনা ইসলাম | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব আশরাফ হোসেন | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৭. উপজেলা ফরেষ্টার | | সদস্য -সচিব |

**১৬. অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব তোফাজ্জল হোসেন | ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব মালেক সিকদার | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৬. ইউপি চেয়ারম্যান | | সদস্য |
| ৭. কৃষি অফিসার | | সদস্য |
| ৮। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | | সদস্য |
| ৯।উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | | সদস্য -সচিব |

**১৭. জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. জনাব রিনা ইসলাম | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি |
| ২. জনাব আশরাফ হোসেন | চেয়ারম্যান | সদস্য |
| ৩. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৪. ইউপি চেয়ারম্যান, | | সদস্য |
| ৫ ইউপি চেয়ারম্যান | | সদস্য |
| ৬. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) প্রকৌশল অধিদপ্তর | | সদস্য -সচিব |

# বাজেট সার সংক্ষেপ

ফরম-ক

(বিধি -৩ দ্রষ্টব্য)

বাজেট সার– সংক্ষেপ

| | প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বছরের প্রকৃত (২০২১-২২) | চলতি বৎসরে বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট (২০২২—২৩) | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২৪) |
|---|---|---|---|---|
| অংশ- ০১ | রাজস্ব হিসাব | ৩,৬১,৩৮,০০০/- | ৩,৭৭,৫১,৮০০/- | ৪,১৫,২৭,০০০/- |
| | প্রাপ্তি | | | |
| | রাজস্ব | | | |
| | অনুদান | | | |
| | মোট প্রাপ্তি | ৩,৬১,৩৮,০০০/- | ৩,৭৭,৫১,৮০০/- | ৪,১৫,২৭,০০০/- |
| | বাদ রাজস্ব ব্যয় | ১,৯১,৭৩,০০০/- | ১,৯৮,৫৫,০০০/- | ২,০৫,৬০,৯০০/- |
| | রাজস্ব উদ্বৃত্ত/ঘাটতি(ক) | ১,৬৯,৬৫,০০০/- | ১,৭৮,৯৬,৮০০/- | ২,০৯,৬৬,১০০/- |
| অংশ- ০২ | উন্নয়ন হিসাব | ৬,০৭,২০,০০০/- | ৬,৬৭,৯২,০০০/- | ৭,২৩,৮২,২০০/- |
| | উন্নয়ন অনুদান | | | |
| | উন্নয়ন অনুদান ও চাঁদা | | | |
| | অন্যান্য অনুদান ও চাঁদা | | | |
| | মোট (খ) | ৬,০৭,২০,০০০/- | ৬,৬৭,৯২,০০০/- | ৭,২৩,৮২,২০০/- |
| | মোট প্রাপ্ত সম্পদ (ক+খ) | ৭,৭৬,৮৫,০০০/- | ৮,৪৬,৮৮,৮০০/- | ৯,৩৩,৪৮,৩০০/- |
| | বাদ উন্নয়ন ব্যয় | ৫,২২,৫০,০০০/- | ৫,৭৪,৭৫,০০০/- | ৬,৩২,২২,৫০০/- |
| | সর্বিক বাজেট উদ্বৃত্ত/ ঘাটতি | ২,৫৪,৩৫,০০০/- | ২,৭২,১৩,৮০০/- | ৩,০১,২৫,৮০০/- |
| | যোগ পারম্ভিক জের (১জুলাই) | | | |
| | সমাপ্তি জের | ২,৫৪,৩৫,০০০/- | ২,৭২,১৩,৮০০/- | ৩,০১,২৫,৮০০/- |

ফরম - খ

(বিধি -৩ এবং আইনের চতুর্থ তফসিল দ্রষ্টব্য)

লৌহজং উপজেলা পরিষদের বাজেট

অর্থ বৎসর ২০২২—২৩

রাজস্ব হিসাব

প্রাপ্ত আয়

অংশঃ– ০১

| আয় | | | |
|---|---|---|---|
| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বছরের প্রকৃত (২০২১-২২) | চলতি বৎসরে বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট (২০২২—২৩) | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২৪) |
| ১. | ২. | ৩. | ৪. |
| ১। হাট বাজার ইজারা | ১,০০,০০,০০০/- | ১,১০,০০,০০০/- | ১,২১,০০,০০০/- |
| ২। বাসা ভাড়া | ৬০,৫০,০০০/- | ৬৬,৫৫,০০০/- | ৭৩,২০,৫০০/- |
| ৩। লাইসেন্স প্রদান | -- | -- | -- |
| ৪। ভূমি উন্নয়ন কর | ৮৮,০০০/- | ৯৬,৮০০/- | ১,০৬,৫০০/- |
| ৫। বিবিধ (১%) | ২,০০,০০,০০০/- | ২,০০,০০,০০০/- | ২,২০,০০,০০০/- |
| মোট = | ৩,৬১,৩৮,০০০/- | ৩,৭৭,৫১,৮০০/- | ৪,১৫,২৭,০০০/- |

## অংশ ১ – রাজস্ব হিসাব

### ব্যয়

| ক্রমিক নং | | ব্যয়ের খাত | পূর্ববর্তী বছরের প্রকৃত (২০২১-২২) | চলতি বৎসরে বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট (২০২২—২৩) | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২৪) |
|---|---|---|---|---|---|
| | সাধারণ সংস্থাপন/ প্রাতিষ্ঠানিক | | | | |
| ১। | ক. | সম্মানী ভাতা | ১১,২৮,০০০/- | ১১,২৮,০০০/- | ১১,২৮,০০০/- |
| | খ. | পরিষদ কর্মচারিদের বেতন ভাতা | ৩,০০,০০০/- | ৩,০০,০০০/- | ৩,০০,০০০/- |
| | গ. | যানবাহন মেরামত ও জ্বালানী | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- |
| | ঘ. | ভ্রমণ ভাতা | ১,৫০,০০০/- | ১,৬৫,০০০/- | ১,৮১,৫০০/- |
| | ঙ. | বাড়ি ভাড়া ভাতা | | | |
| | চ. | টেলিফোন ভাতা | | | |
| ২। | কর আদায়ের জন্য ব্যয় | | | | |
| ৩। | অন্যান্য ব্যয় | | | | |
| | ক. | টেলিফোন | ২০,০০০/- | ২০,০০০/- | ২০,০০০/- |
| | খ. | বিদ্যুৎ বিল | ২,৭৫,০০০/- | ৩,০২,৫০০/- | ৩,৩২,০০০/- |
| | গ. | ভূমি উন্নয়ন কর | ১৫,০০০/- | ১৫,০০০/- | ১৫,০০০/- |
| | ঘ. | আপ্যায়ন ব্যয় | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- |
| | ঙ. | অফিস সরঞ্জাম মেরামত ও সংরক্ষণ | ১,১০,০০০/- | ১,২০,০০০/- | ১,৩২,০০০/- |
| | চ. | আসবাবপত্র সংগ্রহ ও মেরামত | ২,৭৫,০০০/- | ৩,০২,৫০০/- | ৩,৩২,০০০/- |
| | ছ. | সংবাদ পত্রের বিজ্ঞপ্তি | ২,২০,০০০/- | ২,৪২,০০০/- | ২,৫৬,০০০/- |
| | জ. | আনুষাঙ্গিক | ১,১০,০০০/- | ১,২০,০০০/- | ১,৩২,০০০/- |
| | ঝ. | ইউনিয়ন পরিষদ কর | | | |
| | ঞ. | আসবাব পত্র সংগ্রহ | | | |
| | ট. | অপ্রত্যাশিত ব্যয় | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| | | | | | |
| ৪। | কর আদায় খরচ | | | | |
| ৫। | বৃক্ষ রোপণ | | ১,১০,০০০/- | ১,২০,০০০/- | ১,৩২,০০০/- |
| ৬। | সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানে অনুদান | | | | |
| ৭। | জাতীয় দিবস উদ্‌যাপন | | ১,০০,০০০/- | ১,০০,০০০/- | ১,০০,০০০/- |
| ৮। | খেলাধুলা ও সংস্কৃতি | | ২,২০,০০০/- | ৩,০০,০০০/- | ৩,৩০,০০০/- |
| ৯। | জরুরী ত্রাণ | | | | |
| ১০। | তথ্য ও প্রযুক্তি (ল্যান স্থাপন) | | | | |
| ১১। | অফিস সরঞ্জাম ক্রয় | | ৩,৩০,০০০/- | ৩,৬০,০০০/- | ৩,৯৬,০০০/- |
| ১২। | ভবন মেরামত ও সংরক্ষণ | | ১,০০,০০,০০০/- | ১,০০,০০,০০০/- | ১,০০,০০,০০০/- |
| ১৩। | পানির পাম্প মেরামত | | ১,১০,০০০/- | ১,২০,০০০/- | ১,৩২,০০০/- |
| ১৪। | ইউনিয়ন পরিষদ কর্মচারীদের বেতন | | ৪৪,০০,০০০/- | ৪৮,৪০,০০০/- | ৫৩,৩৩,৪০০/- |
| | | মোট= | ১,৯১,৭৩,০০০/- | ১,৯৮,৫৫,০০০/- | ২,০৫,৬০,৯০০/- |

## অংশ – ২ উন্নয়ন হিসাব

### প্রাপ্তি

| আয় | | | |
|---|---|---|---|
| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বছরের প্রকৃত (২০২১-২২) | চলতি বৎসরে বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট (২০২২—২৩) | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২৪) |
| ১. | ২. | ৩. | ৪. |
| ১। অনুদান(উন্নয়ন) | | | |
| ক. সরকার | ১,১০,০০,০০০/- | ১,২১,০০,০০০/- | ১,২২,২১,০০০/- |
| খ. অন্যান্য উৎস (যদি থাকে , নির্দিস্ট ভাবে উল্লেখ করিতে হইবে ) | | | |
| ২। সেচ্ছা প্রনোদিত চাঁদা | | | |
| ৩। রাজস্ব উদ্বৃত্ত | ৪,৯৭,২০,০০০/- | ৫,৪৬,৯২,০০০/- | ৬,০১,৬১,২০০/- |
| মোট প্রাপ্তি (উন্নয়ন হিসাব)= | ৬,০৭,২০,০০০/- | ৬,৬৭,৯২,০০০/- | ৭,২৩,৮২,২০০/- |

## অংশ – ২ উন্নয়ন হিসাব

ব্যয়

| ব্যয় | | | | |
|---|---|---|---|---|
| ব্যয় বিবরণ | পূর্ববর্তী বছরের প্রকৃত (২০২১-২২) | চলতি বৎসরে বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট (২০২২—২৩) | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২৪) | শতকরা ভাগ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। কৃষি ও সেচ | ৩৩,০০,০০০/- | ৩৬,৩০,০০০/- | ৩৯,৯৩,০০০/- | |
| ২। শিল্প ও কুটি শিল্প | ৫,৫০,০০০/- | ৬,০৫,০০০/- | ৬,৬৫,৫০০/- | |
| ৩। ভৌত অবকাঠামো | ৭,৭০,০০০/- | ৮,৪৭,০০০/- | ৯,৩১,৭০০/- | |
| ক. পরিবহন ও যোগাযোগ | ১,৬৫,০০,০০০/- | ১,৮১,৫০,০০০/- | ১,৯৯,৬৫,০০০/- | |
| খ. গৃহর্নিমান ও বস্তুগত পরিকল্পনা | ৮২,৫০,০০০/- | ৯০,৭৫,০০০/- | ৯৯,৮২,৫০০/- | |
| গ. জনস্বাস্থ্য | ৪৯,৫০,০০০/- | ৫৪,৪৫,০০০/- | ৫৯,৮৯,৫০০/- | |
| ৪। আর্থ–সামাজিক অবকাঠামো | ৫৫,০০,০০০/- | ৬০,৫০,০০০/- | ৬৬,৫৫,০০০/- | |
| ৫। ক্রীড়া ও সংকৃতি | ৩৩,০০,০০০/- | ৩৬,৩০,০০০/- | ৩৯,৯৩,০০০/- | |
| ৬। বিবিধ | ১১,০০,০০০/- | ১২,১০,০০০/- | ১৩,৩১,০০০/- | |
| ৭। সেবা | ৬,৬০,০০০/- | ৭,২৬,০০০/- | ৭,৯৮,৬০০/- | |
| ৮। শিক্ষা | ১১,০০,০০০/- | ১২,১০,০০০/- | ১৩,৩১,০০০/- | |
| ৯। স্বাস্থ্য ও গ্রামিন স্বাস্থ্য সেবা | ৫৫,০০,০০০/- | ৬০,৫০,০০০/- | ৬৬,৫৫,০০০/- | |
| ১০। দারিদ্র হ্রাসকরনঃ সামাজিক নিরাপত্তা ও প্রাতিষ্ঠানিক সহায়তা | -- | -- | -- | |
| ১১। পল্লী উন্নয়ন ও সমবায় | -- | -- | -- | |
| ১২। মহিলা যুব ও শিশু উন্নয়ন | ২,২০,০০০/- | ২,৪২,০০০/- | ২,৬৬,২০০/- | |
| ১৩।দূর্যোগ ব্যাবস্থা ও ত্রাণ | ৫,৫০,০০০/- | ৬,০৫,০০০/- | ৬,৬৫,৫০০/- | |
| ১৪। সমাপ্তি জের | -- | -- | -- | |
| মোট ব্যয় (উন্নয়ন হিসাব) | ৫,২২,৫০,০০০/- | ৫,৭৪,৭৫,০০০/- | ৬,৩২,২২,৫০০/- | |

### ফরম- গ

(বিধি -৫ দ্রষ্টব্য)

উপজেলা পরিষদের নিয়মিত কর্মচারিদের বিবরণী

অর্থ বছর ২০২২ -২৩

| বিভাগ/শাখা | ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ক্রম | মহার্ঘ ভাতা (যদি থাকে) | প্রদেয় ভবিষ্য তহবিল | অন্যান্য ভাতা | মাসিক গড় অর্থের পরিমান | বাৎসরিক প্রাক্কলিত অর্থের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| স্থানীয় সরকার বিভাগ | ১ | সাঁটমুদ্রাক্ষরির কাম কম্পিউটার অপারেটর | ০১ | ১০,২০০-২৪,৬৮০/- | -- | ২,০০০/- | ৫,০০,০০০/- | ২৫,০০০/- | ৫,০০,০০০ | |
| | ২ | গাড়ী চালক | ০১ | ৯,৩০০-২২,৪৯০/- | -- | ২৫০০/- | ৬,০০,০০০/- | ২৪,০০০/- | ৬,০০,০০০/- | |
| | ৩ | অফিস সহায়ক | ০২ | ৮,২৫০-২০,০১০/- | -- | ৪,০০০/- | ৫,৫০,০০০/- | ৪০,০০০/- | ৫,৫০,০০০- | |

**ফরম- ঘ**

(বিধি -৫ দ্রষ্টব্য)

উপজেলা কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকার হইতে প্রাপ্ত অর্থের বিবরনী

অর্থ বছর ২০২২ -২৩

| ক্রমিক নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরনী | সরকার হইতে প্রাপ্ত অর্থের পরিমান | চলতি অর্থ বৎসরে ব্যয়িত অথবা সম্ভাব্য ব্যয়ের পরিমান | সম্ভাব্য স্থিতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| - | - | - | - | - | - |

মোঃ আব্দুল আউয়াল
উপজেলা নির্বাহী অফিসার
লৌহজং, মুন্সীগঞ্জ

ওসমান গণি তালুকদার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ কার্যালয়
লৌহজং, মুন্সীগঞ্জ

# পরিস্থিতি বিশ্লেষণ

| খাত | সমস্যা /উন্নয়নের প্রতিবন্ধকতার বর্ণনা | | | | সাম্প্রতিক,চলমান এবং/ অথবা পরিকল্পিত কার্যাবলী | ১ বছর পরে বিদ্যমান সমস্যা | সুপারিশযোগ্য |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যা | অবস্থান/ এলাকা | পরিমাণ/বিস্তৃতি | কারণ | | | |
| যোগাযোগ ও ভৌত অবকাঠামো | স্থানীয় বাসিন্দারা স্কুল,কলেজ, উপজেলা সদর, ইউনিয়ন কমপ্লেক্স এবং গ্রামীণ বাজারে যেতে পারেনা | ১০ টি ইউনিয়ন | ১) ৩৩১ সড়কের ৫৭৬ কি.মি রাস্তা (১৩৪ কি.মি রাস্তা মেরামত অ পুনঃনির্মাণ ও ৪৪২ কি.মি রাস্তা নির্মাণ ) ২) ২৪৩ টি ব্রীজ ( ১৫৫ সংস্কার ও ৮৮ নির্মাণ )৩) ১০ টি কালভার্ট নির্মাণ।৪) ১০০ টি ঘাটলা নির্মাণ।৫) ১০০০০ মিটার রাস্তা পাইলিং /গাইড ওয়াল নির্মাণ।৬) ৫ টি যাত্রী ছাউনি নির্মাণ। | ১) পর্যাপ্ত রাস্তা,ব্রীজ,কালভার্ট,ঘাটলা, গাইড ওয়াল ও যাত্রী ছাউনি এর অভাব। | এলজিইডি এর বিভিন্ন প্রকল্পের মাধ্যমে চলতি বছরে (২০২১-২০২২) নিম্ন বর্নিত কাজ চলমান আছেঃ ১) ১০ টি ইউনিয়নের ৩৫.৫৪ কিমি রাস্তা নির্মাণ ও সংস্কার।২) ৩ টি ব্রীজ ( ১৫৬ মি) নির্মাণ ও সংস্কার। ৩) ৩০ টি ঘাটলা নির্মাণ।৪) ২ টি বক্স কালভার্ট নির্মাণ।৫) ৭০০ মিটার রাস্তা পাইলিং /গাইড ওয়াল নির্মাণ। | ১) ৫৪০ কি.মি. রাস্তা নির্মাণ ও সংস্কার।২) ২৪০ টি ব্রীজ নির্মাণ ও সংস্কার। ৩) ৮ টি বক্স কালভার্ট নির্মাণ। ৪) ৯৩০০ মিটার রাস্তা পাইলিং /গাইড ওয়াল নির্মাণ।৫) ৭০ টি ঘাটলা নির্মাণ। | ১) ৫৪০ কি.মি. রাস্তা নির্মাণ ও সংস্কার।২) ২৪০ টি ব্রীজ নির্মাণ ও সংস্কার। ৩) ৮ টি বক্স কালভার্ট নির্মাণ। ৪) ৯৩০০ মিটার রাস্তা পাইলিং /গাইড ওয়াল নির্মাণ।৫) ৭০ টি ঘাটলা নির্মাণ। |
| মৎস্য | মৎস্য উৎপাদন যথাযথভাবে বৃদ্ধি পাচ্ছেনা। | ১০টি ইউনিয়ন | মৎস্যচাষী ৩০০ জন, মৎস্যজীবি ৯৩২ জন | ১) প্রাকৃতিক মৎস্য বৃদ্ধির অন্তরালে নদী ও খালের নাব্যতা কমে যাওয়া, দূষিত পানি।২) মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষনের অভাব। | ১) ৩ টি জলাশয় পুনঃখনন করা হবে। ২) ২০ টি মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষন প্রধান করা হবে। | প্রদর্শনী মৎস্য চাষ কার্যক্রম থাকবেনা। | ১) উপজেলা পরিষদ কর্তৃক এদিবি বরাদ্দ অনুমোদিত হলে প্রদর্শনী ও মৎস্য খামার বৃদ্ধি করা যেতে পারে। প্রশিক্ষন ও সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ করতে হবে।৩) পর্যাপ্ত জনবল নিশ্চিত করতে হবে। |
| সমাজসেবা অফিসারের কার্যালয় | ১) মোবাইল ভাতা কার্যক্রম বাস্তবায়নে সমস্যা । | ১০টি ইউনিয়ন | ২০০ এর মত ভাতা ভোগী | ভাতাভোগীদের সচেতনতার অভাব | ১৪ টি সচেতনতা মুলুক প্রশিক্ষণ প্রোগ্রাম করতে হবে। | নতুন বরাদ্দ ভাতা বাস্তবায়ন | সমন্বিত উদ্যোগ |
| | ২) চাহিদার তুলনায় বরাদ্দের ঘাটতি । | ১০টি ইউনিয়ন | ৩০০০ জন ভাতাভোগীর অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন | বরাদ্দ ঘাটতি | ৩০০০ জন ভাতাভোগীর অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। | অতিরিক্ত ভাতার চাহিদা | ভাতা বরাদ্দ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
